70

তারিখ 2-8 MAY 1996
পৃষ্ঠা ৩ কলাম ১৬

দৈনিক ইত্তেফাক

## ঢাঃ বিঃ সাংবাদিকতা বিভাগে মিডিয়া সেন্টার চালু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গত রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণ-যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে একটি মিডিয়া সেন্টার চালু করা হইয়াছে। আনুষ্ঠানিকভাবে সেন্টারটির উদ্বোধন করেন তত্ত্বাবধায়ক সরকারের শিক্ষা, সংস্কৃতি, যুব ও ক্রীড়া বিষয়ক উপদেষ্টা প্রফেসর শামসুল হক। এই উপলক্ষে রবিবার অপরাহ্নে টিএসসি মিলনায়তনে

( ৭ম পৃঃ দ্রঃ )

## ঢাঃ বিঃ সাংবাদিকতা

( ৩য় পৃঃ পর )

আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, প্রযুক্তি নির্ভর দ্রুত পরিবর্তনশীল এই বিশ্বের সহিত তাল মিলাইয়া চলিতে না পারিলে আমাদের অস্তিত্ব থাকিবে না। জ্ঞানের রাজ্যে ইলেক্ট্রনিক মিডিয়া অসীম বিস্ফোরণ ঘটাইয়াছে। উহার সহিত তাল মিলাইয়া আমাদেয় অগ্রসর হইতে হইবে। অন্যথায় উন্নতদেশের লোক ভাবিবে বাংলাদেশে বিচ্ছিন্ন এক জাতি বাস করে।

সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান ডঃ আ,আ,ম,স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমদ, বিশিষ্ট সাংবাদিক ওবায়েদ উল হক ও এশিয়া ফাউণ্ডেশনের বাংলাদেশ প্রতিনিধি মিঃ নিক ল্যাংটন ও ডঃ শাখাওয়াত আলী খান।

ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমদ বলেন, গণতন্ত্রেয় জন্য সংবাদপত্রের প্রয়োজনীয়তা অপরিহার্য। একজন সাংবাদিকের প্রস্তুতি গ্রহণের জন্য যাহা কিছু প্রয়োজন এই মিডিয়া সেন্টারে তাহা রহিয়াছে।

ওবায়েদ-উল-হক বলেন, সংবাদপত্র ছাড়া আজকের বিশ্ব কল্পনা করা যায়না, যে কারণে আমাদের মত গরীব দেশেও অসংখ্য পত্রিকা প্রকাশিত হইতেছে।